



'Mujib Year's Diplomacy, Friendship & Prosperity'

**Embassy of the People's Republic of Bangladesh
Badhuisweg77, 2587 CD The Hague, The Netherlands**

Tel: +31-70-328-3722 | Fax: +31-70-328-3524

email: mission.hague@mofa.gov.bd | website: www.bangladeshembassy.nl



প্রেস রিলিজ

এগারো আন্তর্জাতিক কবির অংশগ্রহণে হেগ-এ আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সৃষ্টিশীল উদযাপন

২১ ফেব্রুয়ারি ২০২১, দি হেগ: আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য ও গুরুত্ব ডাচ তথা ইউরোপীয়দের কাছে তুলে ধরার উদ্দেশ্যে নেদারল্যান্ডে দূতাবাস সৃষ্টিশীল উপায়ে অমর একুশে এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০২১ উদযাপন করেছে। দূতাবাসের এ ভার্চুয়াল আয়োজনে স্নানামখন্য দুটি প্রতিষ্ঠান যথা- নেদারল্যান্ড জাতীয় ইউনেস্কো কমিশন এবং Europa Nostra (ইউরোপের সাংস্কৃতিক ঐতিহ্যের প্রসার সংক্রান্ত সর্ব ইউরোপীয় প্রতিষ্ঠান) অংশগ্রহণ করে।

মাতৃভাষার বৈচিত্র্য নিয়ে দূতাবাস 'ভাষার বৈভব' শীর্ষক একটি ভিডিও উপস্থাপন করে যা অত্যন্ত প্রশংসিত হয়। নেদারল্যান্ডে বাংলাদেশের রাষ্ট্রদূত তার স্বাগত বক্তব্যে বায়ার্ন ভাষা আন্দোলনে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে, বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব তুলে ধরে বিশ্বব্যাপী ভাষাগত বৈচিত্র্য ও সাংস্কৃতিক ঐতিহ্যকে লালন করার প্রতি গুরুত্বারোপ করেন।

দি হেগ-এর মেয়র Jan van Zanen তার বক্তৃতায় ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষাপট তুলে ধরে উল্লেখ করেন যে বাংলাদেশের প্রতিটি অর্জনের সাথে এই আন্দোলন ওতপ্রোতভাবে জড়িত রয়েছে। ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে তিনি প্রসঙ্গক্রমে জানান যে, শান্তি ও ন্যায়ের শহর দি হেগ-এ বিভিন্ন দেশের দূতাবাস ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান মিলিয়ে প্রায় দুইশটি সংস্থার পাশাপাশি শহরের অর্ধেকের বেশী অধিবাসী রয়েছেন যারা বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে এসেছেন।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শান্তি ও সম্প্রীতির সংস্কৃতিকে তুলে ধরার জন্য বিশ্বের বিভিন্ন প্রান্তে অবস্থানরত এগারো জন খ্যাতনামা কবি তাদের নিজ নিজ ভাষায় শান্তির বার্তা ও সাংস্কৃতিক ঐতিহ্য সম্বলিত এগারোটি কবিতা পাঠ করেনঃ কবি Germain Droogenbroodt (ডাচ), Bengt Berg (সুইডিশ), Jona Burghardt (স্প্যানিশ), Jose Muchnik (ফরাসী), Gerry Loose (ইংরেজী), Claudia Piccinno (ইতালীয়), Vadim Terekhin (রুশ), Maja Panajotova (বুলগেরিয়ান), Tobias Burghardt (জার্মান), Dalila Hiaoui (আরবী) এবং Aminur Rahman (বাংলা) সাংস্কৃতিক সম্প্রীতি ও মেলবন্ধনকে জোরদার করার উদ্দেশ্যে বিভিন্ন দেশের সংস্কৃতিকে তুলে ধরার প্রয়াসে বাংলাদেশ দূতাবাস কর্তৃক আয়োজিত এধরণের অনুষ্ঠানের প্রশংসা করেন।

রাষ্ট্রদূত হামিদুল্লাহ'র সঞ্চালনায় অনুষ্ঠিত স্বতঃস্ফূর্ত আলোচনায় অংশ নিয়ে নেদারল্যান্ডের জাতীয় ইউনেস্কো কমিশনের চেয়ারপার্সন, Europa Nostra এর সেক্রেটারী জেনারেল এবং দি হেগ এর প্রাক্তন ডেপুটি মেয়র মাতৃভাষাকে নিজ নিজ স্বকীয়তা প্রকাশের অন্যতম মাধ্যম হিসেবে বর্ণনা করেন। তারা সকলেই বিশ্বব্যাপী শান্তি ও সম্প্রীতি জোরদারকরণে বিভিন্ন জাতিগোষ্ঠীর মাতৃভাষাকে যথাযথভাবে স্বীকৃতি প্রদানের উপর গুরুত্বারোপ করেন।

এদিন সকালে নেদারল্যান্ডে বাংলাদেশের রাষ্ট্রদূত, দূতাবাসের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং তাদের পরিবারবর্গের উপস্থিতিতে দি হেগ এর জাউদার পার্কে অবস্থিত স্থায়ী শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।